

স্কুল-কলেজে সেরা মেধাবী খুঁজবে শিক্ষা মন্ত্রণালয়

যায়যায় রিপোর্ট

সার্বভৌম স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা মেধাবী নির্বাচন করবে শিক্ষা মন্ত্রণালয়। তিনটি গ্রুপে চারটি বিষয়ে ১২ জনকে বছরের সেরা মেধাবী নির্বাচন করা হবে। জাতীয়ভাবে বছরের সেরা মেধাবী ১২ জনকে এক লাখ টাকা করে পুরস্কার দেয়া হবে। দেশব্যাপী অনন্যসাধারণ মেধা অন্বেষণ ও শহর-গ্রামের বৈষম্য নিরসনের লক্ষ্যে জাতীয় সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৩ আয়োজন করা হচ্ছে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। উপজেলা পর্যায়ে আগামী ১১ থেকে ১৩ মার্চ, জেলা পর্যায়ে ১৬ থেকে ১৮ মার্চ, বিভাগ ও ঢাকা মহানগরী পর্যায়ে ২১ থেকে ২৪ মার্চ এবং জাতীয় পর্যায়ে ২৯ থেকে ৩০ মার্চ এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তিনটি গ্রুপে (ষষ্ঠ-এস্টম, নবম-দশম, একাদশ-দ্বাদশ) চারটি বিষয়ে মোট ১২ জনকে জাতীয় পর্যায়ে 'বছরের সেরা মেধাবী' হিসেবে নির্বাচিত করা হবে। বিষয় চারটি হলো- ভাষা ও সাহিত্য, বিজ্ঞান, গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ ঐতিহ্য।

জানা গেছে, প্রতিটি উপজেলার স্কুল-কলেজ থেকে প্রতিযোগিতার মাধ্যমে তিনটি গ্রুপে চারটি বিষয়ে ১২ জনকে উপজেলার সেরা মেধাবী বাছাই করে জেলা পর্যায়ে অংশগ্রহণের জন্য প্রেরণ করা হবে। প্রতিটি জেলা থেকে একইভাবে ১২ জনকে জেলার সেরা মেধাবী বাছাই করে বিভাগীয় প্রতিযোগিতায় পাঠানো হবে। সাতটি বিভাগ ও ঢাকা মহানগরী থেকে নির্বাচিত ৯৬ জন সেরা বিভাগীয় মেধাবী জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে। সেখান থেকে ১২ জনকে বছরের সেরা মেধাবী নির্বাচন করা হবে। প্রতিটি পর্যায়ে বিজয়ীকে সনদপত্র ও পুরস্কার প্রদান করা হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের মাধ্যমে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অফিসে নাম নিবন্ধন করাতে হবে। উল্লেখ্য, এ-সম্পর্কিত বিস্তারিত তথ্য শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এবং সব শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে।